

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
হিসাব ও অর্থ বিভাগ
১৬, আবদুল গণি রোড, ঢাকা।
web: www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৭৩.২০.০০১.১৭-

তারিখঃ /০৪/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ ২০১৭-২০১৮ অর্থ বছরে জাতীয় দরপত্রের মাধ্যমে এবং অভ্যন্তরীণভাবে সংগৃহীত ধান/চালের মূল্য পরিশোধের নিমিত্তে বরাদ্দকৃত অর্থের রিকনসাইলড হিসাব বিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সংগৃহীত ধান/চালের মূল্য পরিশোধের নিমিত্তে চলতি ২০১৭-১৮ অর্থ বছরে অত্র বিভাগ হতে জেলা/উপজেলায় যথাযথ কোড নং ও খাত ভিত্তিক অর্থ বরাদ্দ প্রদান করা হয়েছে। ইতঃপূর্বে দেখা গিয়েছে যে, অত্র দপ্তর হতে প্রদত্ত নির্দেশনা মোতাবেক নির্ভুল রিকনসাইলড হিসাব বিবরণী মাঠ পর্যায় হতে প্রাপ্ত না হওয়ায় সঠিক হিসাব বিবরণী প্রণয়ন পূর্বক সময়মত মন্ত্রণালয়ে প্রেরণ করা যায়নি। এছাড়া ক্ষেত্র বিশেষে ভুল তথ্য প্রেরণের ফলে সিএও (খাদ্য) দপ্তরের সাথে হিসাব মিলিকরণে গরমিল পরিলক্ষিত হচ্ছে। এতে সরকারী অর্থের ব্যয়ের হিসাব সংরক্ষণে জটিলতা সৃষ্টি হয়। এ সমস্যা নিরসনকল্পে দ্রুত নিম্নরূপ ব্যবস্থা নিতে নির্দেশনা দেয়া হলোঃ

(ক) ০১/০৭/২০১৭ খ্রিঃ হতে ৩০/০৪/২০১৮ খ্রিঃ পর্যন্ত বরাদ্দকৃত অর্থের রিকনসাইলড হিসাব সংযুক্ত 'ছক' মোতাবেক প্রেরণ নিশ্চিত করতে হবে।


(খ) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (উপজেলাওয়ারী) রিকনসাইলড বি-বিবরণী সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তরে প্রেরণ করবেন।

(গ) জেলা খাদ্য নিয়ন্ত্রক তার নিয়ন্ত্রণাধীন উপজেলাগুলোর রিকনসাইলড প্রতিবেদন একত্রিত করে সমন্বিত প্রতিবেদন সংশ্লিষ্ট আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক দপ্তরে প্রেরণ করবেন।

(ঘ) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক তাঁর আওতাধীন সকল জেলার (জেলা-উপজেলাওয়ারী রিকনসাইলড হিসাব) প্রতিবেদন একত্রিত করে সমন্বিত প্রতিবেদন হিসাব ও অর্থ বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন।

২। উল্লেখ্য যে, প্রতিবেদন প্রেরণ কালে হিসাবের সঠিকতা যাচাই করতে হবে এবং সকল উপজেলা /কেন্দ্রের রিকনসাইলড বিবরণী অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে।

৩। এমতাবস্থায়, সুষ্ঠু হিসাব ও আর্থিক ব্যবস্থাপনার স্বার্থে উপরোক্ত নির্দেশনার আলোকে ০৭মে/২০১৮ খ্রিঃ এর মধ্যে নির্ভুল প্রতিবেদন অত্র দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে বলা হলো।


(স্বপন কৃষ্ণ বণিক)
পরিচালক
ফোন-৯৫৫৬৩০৬
Email:dafy@dgfood.gov.bd


আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর
(আওতাধীন সকল দপ্তরে পত্রটি পৃষ্ঠাংকন পূর্বক প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।


স্মারক নং-১৩.০১.০০০০.০৭৩.২০.০০১.১৭-

তারিখঃ ০৪/০৪/২০১৮ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থেঃ

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। উপ-সচিব (অভ্যঃ সংগ্রহ), খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য ভবন, ঢাকা। (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৫। অফিস কপি।


(স্বপন কৃষ্ণ বণিক)
পরিচালক


২৫/৪/১৮

